# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭২

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ১১০. জান্নাতবাসীদের সন্তান-সন্তুতির বর্ণনা

باب فِي وَلَدِ أَهْلِ الْجَنَّةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يَزِيدَ وَالْقَوَارِيرِيُّ عَنْ مُعَاذِ بْنِ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ عَامِرٍ الْأَحْوَلِ عَنْ أَبِي الصِّدِّيقِ النَّاجِيِّ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ الْمُؤْمِنَ إِذَا اشْتَهَى الْوَلَدَ فِي الْجَنَّةِ كَانَ حَمْلُهُ وَوَضْعُهُ وَسِنُّهُ فِي سَاعَةٍ كَمَا اشْتَهَى

বাংলা

২৮৭২. আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “কোন মুমিন যদি জান্নাতে সন্তান কামনা করে, তবে তার কামনা অনুসারে সন্তানের গর্ভ, জন্ম ও বয়সের পূর্ণতা প্রাপ্তি সবকিছু এক মুহূর্তেই সংঘটিত হবে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: বাইহাকী, বা’আছ ওয়ান নুশূর নং ৫৮৭। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১০৫১ ও সহীহ ইবনু হিব্বান নং ৭৪০৪ ও মাওয়ারিদুয যাম’আন নং ২৬৩৬ তে। ((আহমাদ ৯/৩, ৮০; তিরমিযী, সিফাতুল জান্নাত ২৫৬৩, তিনি বলেন, হাসান-গারীব; ইবনু মাজাহ, যুহদ ৪৩৩৮।– ফাতহুল মান্নান, হা/৩০০২ এর টীকা হতে।–অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83157

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন